শ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রং মনসোমন ইতি ন ঋতে তৎক্রিয়তে কিঞ্চনারে ইত্যাদিকা। তদেবংসতি ত্রৈগুণ্যকার্য্যপ্রাধান্যেন ভবন্ত্যৌ তে গুণময়ত্বেনোচ্যেতে। পরমেশ্বর প্রাধান্যেন তু স্বতো গুণাতীতে এব। তদুক্তং দেবামৃতপানাধ্যায়ে শ্রীশুকেন—যদ্‌যুজ্যতেঽসুবসুকর্ম্ম মনোবচোভির্দেহাত্মজাদিষু নৃভিস্তদসৎ পৃথকত্বাৎ তৈরের সম্ভবতি যৎ ক্রিয়তেঽপৃথকত্বাৎ সর্ব্বস্য তদ্ভবতি মূলনিষেচনং যদিতি। পৃথকত্বাৎ পরমাত্মেতরাশ্রয়ত্বাৎ। অপৃথকত্বাত্তদেকাশ্রয়ত্বা-দিত্যর্থঃ। অতো যুক্তমেব জ্ঞানক্রিয়াত্মিকায়া হরিভক্তের্নির্গুণ ত্বম্। বিশেষত স্তস্যাগুণসম্বন্ধেন জন্মাভাবশ্চাঙ্গী কৃতঃ; নতু ব্রহ্মজ্ঞানস্যেব গুণসম্বন্ধেন জন্মভাব ইতি। অতোঽসৌ ভক্তিস্তস্যাপি প্রীণনত্বাদি-গুণৈরুদাহরিষ্যতে। যত্ত শ্রীকপিলদেবেন ভক্তেরপি নির্গুণসগুণাবস্থাঃ কথিতাস্তৎ পুনঃ পুরুষান্তঃকরণগুণা এব তস্যামুপচর্য্যন্ত ইতি স্থিতম্। তদেব মভিপ্রেত্য—জ্ঞানরূপায়াঃ ভক্তে র্নির্গুণত্বমুক্ত্বা ক্রিয়ারূপায়াঃ ব্যাচষ্টে। তত্রাপ্যস্ত তাবৎ শ্রবণকীর্ত্তন-রূপায়াঃ, ভগবৎসম্বন্ধেন বাসমাত্ররূপায়া আহ—বনন্তু সাত্ত্বিকো বাসো গ্রাম্যো রাজস উচ্যতে।

তামসং দ্যূতসদনং মন্নিকেতন্তু নির্গুণম্॥ ১৩৫॥

হে উদ্ধব! বালমূকাদির তুল্যজ্ঞান তামস। দেহাদিবিষয়ক যে জ্ঞান, সেইজ্ঞান বৈকল্পিক অর্থাৎ রাজস। নির্ব্বিশেষ ব্রহ্মের শুদ্ধ জীবচৈতন্যের সহিত অভেদানুসন্ধানাত্মক কৈবল্যজ্ঞান সাত্ত্বিক। কেবল "ত্বং" পদার্থ জীবচৈতন্য জ্ঞানে কৈবল্যের সম্ভাবনা নাই; যেহেতুক "তৎ" পদার্থ জ্ঞানভিন্ন কৈবল্য ঘটিতে পারে না। সত্ত্বযুক্ত চিত্তে প্রথমতঃ সূক্ষ্ম, শুদ্ধ জীব-চৈতন্য প্রকাশ পাইয়া থাকে। তাহার পর সেই চিত্তে চৈতন্যসাম্যে অভেদে একাকাররূপে শুদ্ধ, পূর্ণব্রহ্মচৈতন্যও অনুভব হইয়া থাকে। অর্থাৎ যদ্যপি জীবচৈতন্য অনু এবং ব্রহ্মচৈতন্য বিভু। এই অনুত্ব ও বিভুত্ব অংশে জীবচৈতন্যের সহিত বিভু চৈতন্যের ভেদ আছে; তথাপি জীবও চৈতন্যস্বরূপ, ব্রহ্মও চৈতন্যস্বরূপ। এই অংশে অভেদ থাকা জন্য ব্রহ্মচৈতন্যের সহিত জীবচৈতন্যের এক আকারে অনুভব হইয়া থাকে। সেইজন্য সত্ত্বগুণেরই কৈবল্যজ্ঞানের প্রচুর কারণতা আছে বলিয়া কৈবল্য-জ্ঞানকে সাত্ত্বিক বলা হইল। শ্রীভগবদগীতোপনিষদেও "সত্ত্বাৎ সঞ্জায়তে জ্ঞানং" অর্থাৎ সত্ত্বগুণ হইতেই জ্ঞানের উদয় হইয়া থাকে—এইরূপ উল্লেখ করা আছে। কিন্তু সত্ত্বাদি বিদ্যমান থাকা সত্ত্বেও ভগবদ্বিষয়ক জ্ঞানের অভাব পরিলক্ষিত হয়। ৬।১৪।২ এবং ৫ শ্লোকে দেখান হইয়াছে—দেবানাং শুদ্ধসত্ত্বানামৃষীণামমলাত্মনাম্। ভক্তির্মুকুন্দচরণে ন প্রায়েনোপ-জায়তে॥ মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ। সুদুর্ল্লভঃ প্রশান্তাত্মা কোটিষ্বপি মহামুনে।